বন্দেমাতরম্
স্বর্গীয় নিবারণ চন্দ্র দাস গুপ্ত প্রতিষ্ঠিত

উত্তিষ্ঠত জাগ্রত
প্রাপ্যবরান্
নিবোধত

# মুক্তি

লাঞ্ছিত জীবন অপেক্ষা
মৃত্যুই শ্রেয়।

—ঋষি নিবারণচন্দ্র

সম্পাদক—অরুণচন্দ্র ঘোষ

১ম বর্ষ, ১ম সংখ্যা | সোমবার, ২১শে ফেব্রুয়ারী, ১৯৭৭, ৯ই ফাল্গুন, ১৩৮৩ | বার্ষিক ৯, সডাক—১০, নগদ ২০ পয়সা

# এই নির্ব্বাচনে লোকসেবক সংঘের নির্ব্বাচনী সিদ্ধান্ত

## সংঘ ভোটে প্রার্থী দেবে না : ঐক্যবদ্ধ কংগ্রেস-বিরোধীদের সমর্থন করবে

লোকসেবক সংঘ কয়েক বছর পূর্ব্ব থেকে নির্ব্বাচনী সংগ্রাম থেকে বিরত থাকবার সিদ্ধান্ত নিয়েছেন। বর্তমান শাসন জীবনে নির্ব্বাচনী ব্যবস্থার প্রহসনজনক অবস্থা দেখেই এই সিদ্ধান্ত নেওয়া হ'য়েছিল। অধিকন্তু সংঘের পক্ষ থেকে ভোটদান না করারও সিদ্ধান্ত নেওয়া হয়েছিল এই কারণে যে, কংগ্রেস বিরোধী পক্ষগুলির মধ্যে তীব্র দলাদলি দেখা গেল; আর তারও সঙ্গে কতকগুলি বিশেষ পরিস্থিতির বিবেচনা দেখা দিল। এবারে ভারতবর্ষের গণতান্ত্রিক জীবনের ওপর যে অভাবিত অত্যাচার অবিচার করা হয়েছে—এবং তার নিদারুণ প্রতিক্রিয়া স্বরূপ কংগ্রেস বিরোধী দলগুলির মধ্যে ঐক্যবদ্ধ ভাবে যে লড়াই দেবার মনোভাব দেখা দিয়েছে—লোকসেবক সংঘ তাতে আনন্দিত। বিরোধী পক্ষগুলির এই ঐক্যর পরিবেশ হওয়ার কারণে এবং বর্তমান শাসক গোষ্ঠীর পক্ষ থেকে যে অভাবিত অত্যাচার অবিচার হয়েছে - তার বিরুদ্ধে শক্তিশালী সংগ্রাম দেবার কারণে, লোকসেবক সংঘ এবারে সর্ব্বতোভাবে বিরোধীপক্ষকে সহায়তা দেবেন। ভোটদানে বিরত থাকার প্রশ্ন এবারে নেই বিগত ১৪ই ফেব্রুয়ারী তারিখে লোকসেবক সংঘের কেন্দ্রীয় পরিষদের বৈঠকে এই মর্ম্মে যে সিদ্ধান্ত নেওয়া হয় এবং তার ভিত্তিতে বৈঠকে যে বিবৃতি গৃহীত হয় তা এখানে প্রকাশ করা হচ্ছে :—

সংবিধান অনুযায়ী যে নির্ব্বাচন হবার কথা ছিল—লোকসভার সিদ্ধান্তের দ্বারা তাকে এক বছর পিছিয়ে দিয়ে, শাসন কর্তৃপক্ষ যেমন অবাঞ্ছিত অগণতান্ত্রিক কাজ করেছিলেন—তেমনি আবার নির্ব্বাচন হবে না বলে নিশ্চিন্ত মানুষের জীবনে আকস্মিক নির্ব্বাচন সিদ্ধান্ত এনে, শাসন কর্তৃপক্ষ আরো যে অবাঞ্ছিত কাজ করেছেন—তাকে দুঃখের হ'লেও অপকৌশল ও অবিচার না বলে পারা যায় না।

একটা নির্ব্বাচনী প্রস্তুতির জন্য দু'মাস মাত্র সময় দেওয়া খুবই অসমীচীন হয়েছে। নিজ দল ও জনগণের প্রতি দায়িত্ব ও সততাসম্পন্ন কোনো দল দু'মাসের মধ্যে সম্যক নির্ব্বাচনী প্রস্তুতি ক'রে উঠতে পারেন না। এর দ্বারা দেশের সর্ব্ব সাধারণের নির্ব্বাচনী সুযোগ বৈষম্যপূর্ণ ব্যবহারের শিকার হল। এই দু' মাস সময়ের মধ্যেও আবার কিছুটা শিথিল করলেও, কার্য্যতঃ বহুলাংশে জরুরী আইনের অবিচার দিয়ে শাসন কর্তৃপক্ষ দেশের গণতান্ত্রিক অধিকার ও মুক্ত নির্ব্বাচনী সুযোগের পরিবেশকে অন্যায়ভাবে বিপন্ন ক'রে রাখলেন।

আমাদের দেশে নির্ব্বাচনী ব্যবস্থাকে গণতন্ত্রের স্বার্থের নামে বছরের পর বছর নানাভাবে ঘোলাটে এবং বিপন্ন ক'রে তোলা হচ্ছে। অ্যামেরিকা, ইংলণ্ড প্রভৃতি ধনতান্ত্রিক দেশগুলিতেও যে গণতান্ত্রিক সুবিচার বোধ আছে—আমাদের শাসকদের মধ্যে তাও নেই শাসনযন্ত্র ও শাসনকারী দলের বহুবিধ অবাঞ্ছিত আচরণে ইদানীং নির্ব্বাচনী ব্যবস্থা প্রহসনে পরিণত হয়েছিল। সেই কারণে আমরা কয়েক বছর পূর্ব্ব থেকে নির্ব্বাচনের মাধ্যমে প্রতিনিধিত্বের অংশ গ্রহণের সংগ্রাম থেকে বিরত হয়েছিলাম।

আমরা শুধু নির্ব্বাচন থেকেই সরে আসিনি—আমরা ভোটদান থেকেও বিরত ছিলাম। তার বিশেষ কারণ ছিল। যে স্বৈরাচারী শাসনযন্ত্র জনগণের প্রতি প্রদত্ত প্রতিশ্রুতি ভঙ্গ করে, তাকে শাসন থেকে সরানো ছাড়া জন-অধিকারের পথ নেই—আমরা বিশ্বাস করি। আমরা এও মনে করি যে, নিজেদের প্রতিনিধি না থাকলে, যে সব দল কুশাসনের বিরুদ্ধে দাঁড়িয়েছেন—তাঁদের সাহায্য করা উচিত এমন কি ঐ সব দল ভাবধারার দৃষ্টিতে বহুলাংশে সমর্থন যোগ্য না হলেও, বা খানিকটা অনুপযুক্ত হলেও। কারণ ঐ রকম সংগ্রামের ভেতর দিয়েই সচেতন শাসনের ভবিষ্যৎ গ'ড়ে উঠবে।

কিন্তু যদি ঐসব বিরোধীদল নিজেদের মধ্যে বাদ-বিসম্বাদের দ্বারা বহুধা বিচ্ছিন্ন হ'য়ে নির্ব্বাচনে অগ্রসর হন—এবং তার দ্বারা যদি তাঁরা অবাঞ্ছিত শাসনকারী দলের জন্যই পথ ক'রে দেন—অথবা নিজেদের নানা কর্ম্মধারার ফলে নিজেদের তাঁরা লোকচক্ষে হেয় করে ফেলেন - তখন সেই পরিস্থিতিতে ঐ সব বিরোধী শক্তিকে সমর্থন করা অসম্ভব হ'য়ে পড়ে যে পরিস্থিতির সম্মুখীন আমাদের হ'তে হয়েছিল।

এবারে নির্ব্বাচনী পরিস্থিতি বহুভাবে প্রতিকূল থাকা সত্ত্বেও, ভারতের বিরোধী দলগুলি ক্ষিপ্রতার সঙ্গে যেভাবে নির্ব্বাচনে সংগ্রামের জন্য অগ্রসর হচ্ছেন এবং উপযুক্ত সংগ্রাম দেবার জন্য বিভিন্ন দলের মধ্যে বোঝাপড়া করার যে বাঞ্ছিত পরিবেশ দেখা দিয়েছে—তাতে এপর্য্যন্ত বিরোধী দলগুলির সাহস ও বুদ্ধিমত্তারই পরিচয় ঘটেছে। আমরা এপর্য্যন্ত তাতে সুখী ও আশান্বিত।

বিরোধী দলগুলিকে আর একটি বিষয়ের প্রতি বিশেষভাবে লক্ষ্য দিতে হবে। কুশাসনে অতিষ্ঠ হ'য়ে জনসাধারণ বিরোধী শক্তিগুলিকে আশ্রয় ক'রেও হতাশ হয়ে পড়ে—এ কথাও আজ অনস্বীকার্য্য। বিরোধী শক্তিগুলির পক্ষ থেকে নিজেদের মধ্যে ঐক্য স্থাপন করে, যোগ্য নেতৃত্বের পরিচয় দিয়ে গণতন্ত্রের প্রতি জনগণের আস্থা আবার ফিরিয়ে আনতে হবে।

[ শেষাংশ ২য় পৃষ্ঠায় ]

